বাণিজ্যিক পরিভাষা

শ্রীমণীন্দ্রকুমার মজুমদার, এম. এ.,
অধ্যক্ষ, প্রফুল্লচন্দ্র কলেজ, কলিকাতা

দ্বিতীয় সংস্করণ—১৯৬৩
(সংশোধিত ও পরিবর্ধিত)

বুকল্যাণ্ড প্রাইভেট লিমিটেড
পুস্তক বিক্রেতা ও প্রকাশক
১, শংকর ঘোষ লেন,
কলিকাতা-৬

প্রথম সংস্করণের ভূমিকা

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি. কম্. পরীক্ষার্থীদের প্রয়োজনে এই পুস্তক খানি প্রণয়ন করা হইল। ইহাতে বিভিন্ন পুস্তক, মাসিক পত্রিকা, সংবাদ পত্র প্রভৃতি হইতে বাণিজ্য বিষয়ক পরিভাষা সংগ্রহ করিয়া একত্র সমাবেশ করা হইয়াছে।

পরিভাষা সংকলনকালে নিম্নলিখিত নীতি অনুসরণ করিতে চেষ্টা করিয়াছি। প্রথমতঃ, যে সকল বাংলা শব্দ বহুকাল অবধি প্রচলিত তাহা যথাসম্ভব গ্রহণ করা হইয়াছে; কিন্তু যেস্থলে প্রচলিত বাংলা শব্দে ইংরাজী পরিভাষার পূর্ণ অর্থ প্রকাশ পায় না, সেস্থলে ঐ বাংলা শব্দ ত্যাগ করিয়া নূতন শব্দ নির্বাচন করা হইয়াছে। দ্বিতীয়তঃ, পরিভাষা নির্বাচনে কোন কৌলীন্যের দাবি মান্য করা হয় নাই। বাংলার পল্লীতে, হাটে-বাজারে, মহাজনের গদিতে, জমিদারের কাছারীতে, অফিস-আদালতে যে সকল পরিভাষা বহুদিন যাবৎ চলিয়া আসিতেছে তাহার এক বৃহৎ অংশই কোনরূপ কৌলীন্যের দাবি করিতে পারে না, কিন্তু একমাত্র এই কারণেই এগুলি ত্যাগ করা যুক্তিসংগত মনে করি নাই। তৃতীয়তঃ, নির্বাচিত পরিভাষা যথাসম্ভব সহজবোধ্য করিতে চেষ্টা করিয়াছি, এবং এই কারণে কোন কোন ক্ষেত্রে খাঁটি বাংলা শব্দের পরিবর্তে সমধিক প্রচলিত কোন বর্ণসংকর শব্দ গ্রহণ করিয়াছি।

পরিভাষা নির্বাচনে ডক্টর রঘুবীর কৃত আংগল-ভারতীয় মহাকোষ, পশ্চিমবংগ সরকারের সরকারী কার্যে ব্যবহৃত পরিভাষা ও কলিকাতা বিশ্ববিদ্যালয় কৃত বৈজ্ঞানিক পরিভাষা হইতে প্রভূত সাহায্য লাভ করিয়াছি,

সেজন্য কৃতজ্ঞতা জানাইতেছি। সহকর্মীদের নিকট হইতে যে সাহায্য ও উৎসাহ পাইয়াছি সেজন্য তাঁহাদের নিকট আমি বিশেষরূপে ঋণী।

যাহাদের উদ্দেশে পুস্তকখানি রচিত হইল তাহাদের প্রয়োজন সিদ্ধ হইলে শ্রম সার্থক জ্ঞান করিব।

সিটি কলেজ, বাণিজ্য বিভাগ,
গড়িয়াহাট রোড, কলিকাতা,
অক্টোবর, ১৯৫৭

শ্রীমণীন্দ্রকুমার মজুমদার।

বাণিজ্যিক পরিভাষা

A

Abatement—	ছুট, বাদ, কমি
Ability to pay—	প্রদান ক্ষমতা, দিবার সামর্থ্য
Ab initio—	আদি হইতে, প্রারম্ভ হইতে
Above par—	অধিমূল্য, অধিহার
Abrasion (of coin)—	মুদ্রাক্ষয়, অপঘর্ষণ
Abrogate—	নিরাকরণ করা
Abstinence—	ভোগবিরতি, পরিবর্জন
Abstract—	সার, চুম্বক
Acceptance—	স্বীকৃতি, স্বীকার
" , Conditional—	শর্তাধীন স্বীকৃতি
" , General—	সাধারণ "
" , Partial—	আংশিক "
" of a bill—	হুণ্ডি স্বীকার
Accepting house—	হুণ্ডি স্বীকৃতিকারী ব্যাঙ্ক
Acceptor—	স্বীকারী, স্বীকৃতিদাতা
Access—	প্রবেশ
Accessio—	আকস্মিক মুল্যবৃদ্ধি
Accessories—	সরঞ্জাম, উপকরণ
Accommodation Bill—	উপযোজক হুণ্ডি, সুপারিশী হুণ্ডি
Account—	হিসাব, খাতা, গণিতক

Account Balancing of— হিসাব সংতুলন বা সমীকরণ
„ Book— হিসাব বহি
„ , Capital— পুঁজি হিসাব, মূলধন হিসাব
„ , Carriage and cartage— গাড়িভাড়া হিসাব
„ , Cash— রোকড় হিসাব, নগদান হিসাব
„ , Cost— পড়তা হিসাব
„ , Current— চলতি হিসাব
„ , Dead— অচল হিসাব
„ , Deficiency— ঘাটতি হিসাব
„ , Deposit— আমানতী হিসাব
„ , Drawings— টাকা তোলার হিসাব
„ , Fictitious— অবাস্তব হিসাব
„ , Goods— মাল হিসাব
„ , Impersonal— অব্যক্তিক হিসাব
„ , Imprest— জিম্মা হিসাব, অগ্রদত্ত হিসাব
„ , Joint— যৌথ হিসাব
„ , Miscellaneous— বিবিধ হিসাব
„ , Nominal— অবাস্তব হিসাব, আয়ব্যয় হিসাব
„ , Overdue— মেয়াদ অতীত হিসাব
„ , Personal— প্রাতিজনিক হিসাব, ব্যক্তিক হিসাব
„ , Real— সম্পত্তি হিসাব

Account, Rent— ভাটক হিসাব, ভাড়া হিসাব
" , Rough— কাঁচা হিসাব
" , Salary— বেতন হিসাব
" , Sales— বিক্রয় হিসাব
" , Suspense— নিলম্বিত হিসাব
" , Written off— অবলিখিত হিসাব
Account Sales— বিক্রয় বিবরণী
Accountancy— হিসাব শাস্ত্র, গণনা শাস্ত্র
Accountant— হিসাব-রক্ষক, গাণনিক
Accretion— ভূ-বৃদ্ধি, পয়স্তি, লগ্নচর
Accrued— প্রাপ্ত, উৎপন্ন, উপার্জিত
Accumulation— সঞ্চয়
Acknowledgment of receipt প্রাপ্তি স্বীকার
Acquisition— অর্জন, গ্রহণ
Acquittance— অভিমুক্তি, ফারখতি,
Acting— কার্যকারী, স্থানাপন্ন
Active Bond— চলৎ পাট্টা
" Partner— সক্রিয় অংশীদার
" Service— কর্মরত অবস্থা
Actuals— বাস্তব
Actuary— বীমা গণিতজ্ঞ, জীবনাঙ্কিক
Adaptation— অভিযোজন, উপযোজন
Ad hoc— তদর্থক

Ad interim— মধ্যকালীন
Adjourn— স্থগিত রাখা, মুলতুবী রাখা
Adjournment— মুলতুবী, স্থগিত
Adjust— সমন্বয় করা
Adjustment of account— হিসাব সমন্বয়
Administration— শাসন, পরিচালন
Admissible— গ্রাহ্য
Adulteration— ভেজাল, অপমিশ্রণ
Adult Education— প্রাপ্তবয়স্ক শিক্ষা
Adult suffrage— প্রাপ্তবয়স্ক ভোটাধিকার
Ad valorem— মূল্যানুসার
Advance— অগ্রিম, আগাম, দাদন
Affiliation— সম্বন্ধীকরণ, অনুমোদন
Affirmation— শপথ
Afforestation— বনীকরণ, বন রোপণ
Agenda— কার্যক্রম, কার্যসূচী, কৃত্যসূচী
Agency— অভিকরণ, প্রতিনিধিত্ব, এজেন্সী
Agent— প্রতিনিধি, অভিকর্তা, এজেন্ট
" , Clearing— নিকাশী প্রতিনিধি
" , Commission— কমিশন এজেন্ট, দস্তুরীভোগী প্রতিনিধি
" , General— সাধারণ এজেন্ট বা প্রতিনিধি

Agent, Del credere—	আশ্বাসী এজেন্ট, পরিশোধী প্রতিনিধি
,, , Sole—	একমাত্র প্রতিনিধি ,একাভিকর্তা
,, , Special—	বিশেষ প্রতিনিধি বা অভিকর্তা
,, , Travelling—	সফরী বা ভ্রাম্যমান প্রতিনিধি
Agio—	মুদ্রা-বাট্টা
Agreement—	চুক্তি, সম্মতি, সংবিদা
,, of sale—	বিক্রয় চুক্তি
Agricultural Bank—	কৃষি অধিকোষ, কৃষিব্যাঙ্ক
,, Credit Society—	কৃষি ঋণদান সমিতি
,, Economy—	কৃষি অর্থনীতি
,, Indebtedness—	কৃষকের ঋণগ্রস্ততা
Aid—	অনুদান
Air mail—	বিমান ডাক
Air port—	বিমান বন্দর
Airtight—	বায়ুরোধী
Air transport—	বিমান পরিবহন
Airway—	বিমান পথ
Alias—	ওরফে, নামান্তরে
Alien—	অন্যদেশীয়, বিদেশী
Alienation of land—	ভূমি হস্তান্তরকরণ
Allegiance—	আনুগত্য, নিষ্ঠা
Allocation—	বণ্টন, বিভাজন

Allotment— আবণ্টন
Allowance— অধিদেয়, ভাতা
,, , Subsistence— নির্বাহ ভাতা
,, , Dearness— দুর্মূল্য ভাতা, মাগ্‌গী ভাতা
Alloy— খাদ, মিশ্র ধাতু
Amalgamation— একত্রীকরণ, সংযোজন
Amendment— সংশোধন
Amortisation— স্বয়ংক্রিয়-ঋণপরিশোধ
Ancillary— সহায়ক
Annual— বার্ষিক
Annuity— বার্ষিকী, বার্ষিক বৃত্তি
Annulment— রদ করণ, নাকচকরণ
Applicant— আবেদনকারী
Application— আবেদন পত্র
Appointment— নিযুক্তি
Apportionment— অভিভাজন, ভাগ নির্ণয়
Appraiser— মূল্য-নিরূপক
Appreciation— মূল্যবৃদ্ধি, উপচয়
Appropriation— বিনিয়োগ, উপযোজন
,, Bill— বিনিয়োগ বিধেয়ক
,, Account— বিনিয়োগ হিসাব, বণ্টন হিসাব
Approval— অনুমোদন
Approximate (adj)— আনুমানিক, আসন্ন, উপান্তিক

Approximation—	উপান্ত, নিকটতম অনুমান
Arable land—	কৃষিযোগ্য ভূমি
Arbitrage—	অন্তর-পণন
Arbitrator—	মধ্যস্থ, সালিশ
Arbitration—	মধ্যস্থতা, সালিশী
Area—	ক্ষেত্র
Arrears—	বাকী, বকেয়া
Article—	অনুচ্ছেদ
Articles of Association—	পরিমেল নিয়মাবলী
Artisan—	শ্রমশিল্পী, কারিগর
Assessment—	নির্ধারণ
Assessor—	নির্ধারক (কর, ন্যায় ইত্যাদি)
Assets—	সম্পত্তি, পরিসম্পদ
" , Fixed—	স্থায়ী পরিসম্পদ
" , Floating—	চল-সম্পত্তি, প্রবাহী পরিসম্পদ
" , Intangible—	অদৃশ্য পরিসম্পদ
" , Liquid—	অনিরুদ্ধ পরিসম্পদ
Assets and liabilities—	পরিসম্পদ ও দায়, দেনাপাওনা
Assignment (e.g. of Insurance Policy)—	স্বত্ব নিয়োগ
" (of revenue)—	নিয়োগ
Assorted—	নির্বাচিত, বিভিন্ন শ্রেণীভুক্ত
At call—	চাহিবামাত্র দেয়

At par— সমমূল্য, সমহার
At premium— অধিমূল্য, অধিহার
At sight— দর্শনমাত্র দেয়
Attachment— ক্রোক, অভ্যাগ্রহণ
Attestation— প্রত্যায়ন
Auction— নিলাম
Auctioneer— নিলামকারী, নিলামদার
Audit— নিরীক্ষা
Auditor— নিরীক্ষক
Authentication— প্রমাণীকরণ
Authorisation— প্রাধিকরণ, প্রাধিকার অর্পণ
Authorised— প্রাধিকৃত, অনুমোদিত
" Capital— প্রাধিকৃত পুঁজি, অনুমোদিত মূলধন
" Expenditure— অনুমোদিত ব্যয়
Authority (abs)— প্রাধিকার
" (conc)— প্রাধিকারী
Authoritative— প্রামাণিক, প্রাধিকারপূর্ণ
Automatic— স্বয়ংক্রিয়
Autonomy— স্বশাসন, স্বায়ত্বশাসন
Average— গড়
" , Successive— পৌনঃপুনিক গড়
Aviation, Civil— অসামরিক বিমান চলাচল

Auxiliary— সহায়ক
Award— বিনির্ণয়, রোয়েদাদ

B

Back a bill— হুণ্ডি পিছ সই করা
Backwardation— পশ্চাৎ মিটাইবার দক্ষিণা
Bad Coin— নিকৃষ্ট মুদ্রা
„ Debt— অশোধ্য ঋণ, কু-ঋণ
Bail— জামিন, গচ্ছিত
„ Bond— জামিন-নামা
Bailor— জামিনদার, গচ্ছিতদাতা
Balance— বাকী, উদ্‌বর্ত
„ , Closing— অন্ত্য উদ্‌বর্ত, শেষ জের
„ , Credit— জমার জের, জমা উদ্‌বর্ত
„ , Opening— প্রারম্ভিক উদ্‌বর্ত
„ , Trial— রেওয়া মিল
Balance in Hand— হস্তস্থ উদ্‌বর্ত
„ of Payment— আদান প্রদানের সমতা
„ of Trade— বাণিজ্য উদ্‌বর্ত
„ Outstanding— অপ্রদত্ত উদ্‌বর্ত, বাকী উদ্‌বর্ত
„ Sheet— তুলন-পত্র, স্থিতি-পত্র
Balanced diet— সুষম খাদ্য
Balancing (e.g. of budget) সমীকরণ

Bale— গাঁট
Ballot— গুপ্তমত, গুপ্তভোট
Bank— অধিকোষ, ব্যাঙ্ক
Banker— শ্রেষ্ঠী, সাহুকার
Bank Balance— ব্যাঙ্ক স্থিতি, ব্যাঙ্ক জমা
" Charges— ব্যাঙ্ক প্রভার
" Draft— ব্যাঙ্কের হুণ্ডি
" Rate— ব্যাঙ্কের হার
" Reconciliation Statement— ব্যাঙ্ক-সমাধান বিবৃতি
Bank Reference— ব্যাঙ্কের সুপারিশ
" Return— ব্যাঙ্কের বিবরণী
" , Indigenous— দেশী প্রথার ব্যাঙ্ক
" , Industrial— শিল্প ব্যাঙ্ক
" , Scheduled— অনুসূচিত ব্যাঙ্ক
Bankrupt— দেউলিয়া
Bankruptcy— দেউলে
Bargain— লাভজনক সওদা
Barter— বস্তু বিনিময়, বিনিময়
Barred by limitation— অবধিবাধিত, তামাদি
Base Coin— হীনমুদ্রা
Basic pay— মৌল বেতন
Bear— মন্দীওয়ালা

Below par—	উনমূল্য, উনহার
Betterment Fee—	উন্নয়ন মূল্য, উন্নয়ন দক্ষিণা
Bicameral—	দোঘরা, দ্বি-কক্ষ
Biennial—	দ্বি-বার্ষিক
Bill (in Legislation)—	বিধেয়ক
Bill—	হুণ্ডি, বিনিময় পত্র, বিল
„ , Clean—	নির্দোষ বিল
„ , Documentary—	দলিল সহ হুণ্ডি
„ , Inland—	অন্তর্দেশীয় হুণ্ডি
„ , Foreign—	বিদেশী হুণ্ডি
„ , Dishonoured—	অস্বীকৃত বা অনাদৃত হুণ্ডি
„ , Retirement of—	হুণ্ডি নিবর্তন
Bill after Sight—	দর্শনান্তর হুণ্ডি, মুদ্দতী হুণ্ডি
„ at Sight—	দর্শনী হুণ্ডি
„ of Entry—	আগম পত্র
„ of Exchange—	বিনিময় পত্র, হুণ্ডি
„ of Lading—	বহন পত্র
„ on Demand—	দাবীমাত্র দেয়া হুণ্ডি
Bills Payable—	দেয় বিল
Bills Receivable—	প্রাপ্য বিল
Bimetallism—	দ্বিধাতুমান
Black-list—	দেউলিয়ার তালিকা
Black Market—	চোরাবাজার

Blackmarketing—	অপপণন, চোরাকারবার
Blocked—	অবরুদ্ধ
Blue Book—	সরকারী রিপোর্ট বা বিবরণী
Board—	মণ্ডলী, পর্ষদ
,, of Arbitration—	সালিশী মণ্ডলী
,, ,, Debt Settlement—	ঋণ-সালিশী মণ্ডলী
,, ,, Directors—	পরিচালক মণ্ডলী
,, ,, Revenue—	রাজস্ব পর্ষদ্
,, ,, Trustees—	অছি মণ্ডলী, প্রন্যাস মণ্ডলী
Body Corporate—	নিগম-নিকায়
Bona Fide—	প্রকৃত, বিশ্বস্ত
Bond—	বন্ধক পত্র, পাট্টা, তমসুক
Bond, Indemnity—	ক্ষতিনিষ্কৃতি পত্র
,, , Mortgage—	বন্ধক পত্র, রেহননামা
Bonded Goods—	শুল্কাধীন মাল, শুল্কাধীন পণ্য
,, Warehouse—	শুল্কাধীন মালের গুদাম, শুল্কাধীন পণ্যাগার
Bonus—	অধিবৃত্তি
Book Transfer—	খাতান্তর করণ
Boom—	চড়া বাজার, তেজী বাজার
Bottomry Bond—	পোত বন্ধক
Bounty—	সরকারী আর্থিক সহায়তা
Bourgeoise—	পরশ্রমজীবী, বুর্জোয়া

Bourse—	স্টক বাজার
Boycott—	বর্জন, বয়কট
Brassage—	মুদ্রা নির্মাণ বানি
Breach of Agreement—	সংবিদ-লঙ্ঘন, চুক্তি-ভঙ্গ
„ „ Trust—	বিশ্বাস-ভঙ্গ
Breakage—	টুটা ফাটা
Brisk Trade—	তেজী ব্যাপার
Broadcasting—	প্রচার
Broker—	দালাল
Brokerage—	দালালি
Brought down (b/d)—	অধ-আনীত
„ forward (b/f)—	অগ্রে আনীত
Budget—	আয়-ব্যয়ক
„ Estimate—	আনুমানিক আয়-ব্যয়ক
„ , Revised	সংশোধিত আয়-ব্যয়ক
Bull—	তেজীওয়ালা
Bullion—	(স্বর্ণ বা রৌপ্যের) বাট, পিণ্ড
Bulletin—	ইস্তাহার
Bulk Purchase—	অধিক পরিমাণে ক্রয়, বৃহৎ ক্রয়
Bureauracy—	আমলাতন্ত্র
Business—	কারবার, ব্যবসায়
„ Cycle—	বাণিজ্য চক্র
„ Organisation—	বাণিজ্য সংগঠন

Bye-law	উপবিধি
Bye-product—	গৌণ উপজ

C

Cabinet—	মন্ত্রীমণ্ডলী, মন্ত্রিপরিষৎ
Calculation—	গণনা, হিসাব
Call Money—	তলবমাত্র দেয় টাকা
Canal Tolls—	খালকর
Cancellation—	বাতিলকরণ, বিলোপন
Candidate—	প্রার্থী, পদপ্রার্থী, অভ্যর্থী
Canons of Taxation—	করারোপণ সূত্রাবলী
Canvassing—	উপার্থন
Capacity—	সামর্থ্য
Capital—	পুঁজি, মূলধন
" , Authorised—	প্রাধিকৃত পুঁজি, অনুমোদিত মূলধন
" , Auxiliary—	সহায়ক মূলধন
" , Circulating—	পরিচল পুঁজি
" , Fixed—	স্থায়ী মূলধন
" , Floating—	চলতি মূলধন
" , Foreign—	বিদেশী মূলধন
" , Indigenous—	দেশী মূলধন
" , Issued—	বিলিকৃত মূলধন

Capital, Joint— যৌথ মূলধন

" , Nominal— অভিহিত মূলধন

" , Paid up— পরিদত্ত মূলধন

" , Unpaid— অদত্ত মূলধন

" , Subscribed— বিক্রীত মূলধন, প্রতিশ্রুত মূলধন

" , Sunk— নিমগ্ন মূলধন, ব্যয়িত মূলধন

" , Working— কার্যবাহক মূলধন, সক্রিয় মূলধন

Capital Expenditure— মূলধন খাতে ব্যয়

" Formation— মূলধন-সংগঠন

Capitalism— পুঁজিবাদ, ধনতন্ত্র

Capitalist— পুঁজিপতি, মহাজন

Cargo— মাল, পণ্য

Carry Forward— জের টানা

Cash– রোক, রোকড়, নগদ

" Account— রোক হিসাব, নগদ হিসাব

" Allowance— রোক অধিদেয়, নগদ ভাতা

" Balance— রোকড় বাকী, নগদ তহবিল

" Book— রোকড় বহি,

" " , Petty— খুচরা রোকড় বহি, লঘুরোক বহি

" Certificate— ক্যাশ সার্টিফিকেট, সরকারী নগদীপত্র

" Credit— রোক-ঋণ

" Deposit— নগদ জমা

Cash Discount— নগদ বাটা
" In Hand— নগদ তহবিল, হস্তস্থ রোক
" Memo— রোক-স্মার
" Register— নগদান হিসাব বহি
" Reserve— রোক সংচিতি, নগদ রক্ষিত পুঁজি
" Sale— নগদ বিক্রয়
" Transaction— নগদ লেনদেন
" , Hard— নগদ টাকা
" , Imprest— জিম্মা টাকা
Cashier— খাজাঞ্চী
Casting Vote— নির্ণায়ক মত
Casual— আকস্মিক, নৈমিত্তিক
" Labour— নৈমিত্তিক শ্রম
Casual Leave— নৈমিত্তিক ছুটি
Catalogue— তালিকা
Caution Money— জমানতী টাকা
Caveat Emptor— ক্রেতা সাবধান, ক্রেতার দায়িত্ব
Censor— বিবাচক
Census— জন-গণনা, আদমশুমার
Central Bank— কেন্দ্রীয় অধিকোষ বা ব্যাঙ্ক
" Government— কেন্দ্রীয় সরকার
Centralisation— কেন্দ্রীকরণ, কেন্দ্রীয়করণ
Ceiling Price— সর্বোচ্চ মূল্য

Cereal— ধান্য যবাদি শস্য
Certificate— প্রমাণপত্র
,, of Identity— অভিজ্ঞাপত্র, তাদাত্ম্য-পত্র
,, of Origin— প্রভব লেখ
Certified Copy— প্রমাণিত প্রতিলিপি
Cess— উপকর
,, , Miscellaneous— বিবিধ উপকর
Chamber of Commerce— বণিক সভা, বণিক সংঘ
Chancellor of Exchequer— অর্থ মন্ত্রী, অর্থ সচিব
Chart— রেখা চিত্র
Charter— অধিকার পত্র, সনদ
Charter Party— নৌ-ভাটক পত্র
Cheap Money— সুলভ মুদ্রা
Cheque— চেক
,, , Bearer— বাহক দেয় চেক
,, , Blank— নিরঙ্ক চেক, সাদা চেক
,, , Order— আদিষ্ট চেক
,, , Crossed— রেখিত চেক, রেখাঙ্কিত চেক
,, , Post-dated— পরবর্তী তারিখ বিশিষ্ট চেক, উত্তরতিথি চেক
Cipher Code— সংকেত লিপি সংহিতা
Circular Letter— প্রচার পত্র
Civic— পৌর

Civil— জানপদ, ব্যবহার, অসামরিক, সামাজিক
" Service— পালন কৃত্যক, জানপদ-সেবা
Claim— দাবি
Claimant— দাবিদার, স্বত্বার্থী
Classification— শ্রেণীভাগ, বর্গীকরণ
Clearance Sale— নিকাশ বিক্রি
Clearing House— নিকাশ-ঘর, চেক মিটাইবার কেন্দ্র
Client— গ্রাহক, মক্কেল
Code— সংহিতা, সংকেত, গুঢ়লেখ
Code Language— সংকেত-লিপি
Co-existence— সহাবস্থান
Coin— মুদ্রা
Coin, Bad— নিকৃষ্ট মুদ্রা
" , Base— হীন মুদ্রা
" , Current— চালু মুদ্রা
" , Counterfeit or False— জাল মুদ্রা, নকল মুদ্রা
" , Standard— প্রমাণ মুদ্রা, মান মুদ্রা
" , Token— প্রতীক মুদ্রা, নিদর্শন মুদ্রা
Coinage— টঙ্কণ
Collections— আদায়
Collective Bargaining— যৌথ সওদা

Collective Security—	যৌথ নিরাপত্তা
Collectivism—	সমষ্টিবাদ
Colonial Trade—	ঔপনিবেশিক বাণিজ্য
,, Preference—	ঔপনিবেশিক পক্ষপাত
Colonisation—	উপনিবেশন
Combination—	সমাবন্ধ, সংযোগ, জোট
,, , Horizontal—	সমশিল্প জোট
,, , Vertical—	ভিন্নশিল্প জোট
Commerce—	বাণিজ্য
Commercial Crisis—	বাণিজ্যিক সংকট
,, Depression—	বাণিজ্যিক মন্দা
,, Route—	বাণিজ্যিক পথ
,, Tax—	বাণিজ্য-কর
Commercial Treaty—	বাণিজ্যিক সন্ধি
Commission—	দস্তুরি, কমিশন
,, Sale—	দস্তুরি প্রথায় বিক্রয়
Commodity—	মাল, পণ্য
Commodity Tax—	পণ্যশুল্ক
Communalism—	সাম্প্রদায়িকতা
Communication—	জ্ঞাপন ; সমাযোজন, যোগাযোগ
Communism—	সাম্যবাদ
Community Development—	সমাজ উন্নয়ন
Commutation—	নিষ্ক্রয়ণ, লঘুকরণ

Commuted Value— লঘুকৃত মূল্য
Company— সংঘ, কোম্পানী, যৌথ কারবার
" , Joint Stock— যৌথ মূলধন সংঘ বা কোম্পানী
" , Limited— পরিমিত দায়িত্ববদ্ধ কোম্পানী
" , Public— লোক সংঘ
Compensation— ক্ষতিপূরণ, ক্ষতিপূর্তি, খেসারত
Compensatory Allowance— পূরক ভাতা, পূর্তি ভাতা
Competitive— প্রতিযোগিতামূলক
Competitor— প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী
Competition— প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা
" , Cut-throat— কণ্ঠচ্ছেদী প্রতিযোগিতা
Complementary— পূরক, সহায়ক
Composite— সংগ্রথিত, সংমিশ্র
Compound Interest— চক্রবৃদ্ধি সুদ
Compounding with Creditors— আংশিক ঋণপ্রদান করিয়া ঋণ নিষ্পত্তি করা
Compromise— রফা, নিষ্পত্তি, আপস
Concession— রেয়াত, অনুগ্রহ
Conciliation Board— সংরাধন মণ্ডলী
Condition— শর্ত, প্রতিবন্ধ
Condition, Express— ব্যক্ত শর্ত
" , Implied— নিহিত শর্ত, বিবক্ষিত শর্ত

Conditional— শর্তাধীন
Confirmation— সমর্থন, অনুমোদন
Confiscated— উপগৃহীত, বাজেয়াপ্ত
Confiscation— উপগ্রহণ, ক্রোক, বাজেয়াপ্ত করণ
Consequential Loss— আনুষঙ্গিক বা অনুবন্ধী ক্ষতি
Conservation of Forest— বন সংরক্ষণ
Conservative— রক্ষণশীল
Consideration Money— পণ
Consign— চালান করা
Consignee— (চালান বা মালের) প্রাপক
Consignment— চালান, প্রেষিতক
Consignor— প্রেরক, প্রেষক
Consolidated— একীকৃত, একত্রীকৃত
Consolidation of Debt— ঋণ একত্রীকরণ
,, of Holdings— জোতের চকবন্দীকরণ
Constant— স্থির, অবিচল
Constitution— সংবিধান, শাসনতন্ত্র, গঠন, প্রকৃতি
Constituent Assembly— সংবিধান সভা, গণপরিষদ
Construction— রচনা, সংগঠন, নির্মাণ
Consul— বাণিজ্য দূত
Consular Invoice— বাণিজ্য দূত কর্তৃক প্রমাণিত চালান
Consumer— উপভোক্তা, ভোগী, ব্যবহারকারী

Consumer's Surplus—	ভোগোদ্‌বর্ত
Consumption—	উপভোগ
Contango—	হরজানা, ক্ষতিপূরণ
Contingency—	সম্ভাবনা, সম্ভাব্যক্ষেত্র
" Fund—	উপনিমিত্ত তহবিল বা নিধি
Contingent Bill—	উপনিমিত্ত মূল্যপত্র
" Charge—	উপনিমিত্ত প্রভার বা ব্যয়
" Contract—	ঘটনাপেক্ষ চুক্তি
" Liability—	সম্ভাব্য দায়
Contra Balances—	পাল্টা উদ্‌বর্ত
Contraband—	বিধিনিষিদ্ধ বস্তু, বেআইনী বস্তু
" Trade—	নিষিদ্ধ মালের ব্যবসায়
Contract—	ঠিকা, চুক্তি
" , Forward—	আগাম চুক্তি, আগাম সওদা
" , Unilateral—	এক তরফা চুক্তি
Contraction of Demand—	চাহিদার সংকোচ
" of Supply—	যোগানের সংকোচ
Control—	নিয়ন্ত্রণ
Controller—	নিয়ন্ত্রক, নিয়ামক
" of Currency—	মুদ্রা-নিয়ন্ত্রক, মুদ্রা-নিয়ামক
" of Imports—	আগম-নিয়ামক
" of Rationing—	সংবিভাগ-নিয়ামক
Conventional—	প্রচলিত, প্রথানুসার

Conventional Paper Money—প্রচলিত কাগজী মুদ্রা
Conveyance Allowance— যান অধিদেয় বা ভাতা
Conversion of Loans— ঋণ-রূপান্তরকরণ
Convertible— পরিবর্তনযোগ্য, বিনিমেয়
,, Paper Money— পরিবর্তনযোগ্য কাগজী মুদ্রা
,, Securities— পরিবর্তনযোগ্য জমানত
Co-ordination— সহযোজন
Co-operative— সমবায়ী, সহকারী
Co-operative Credit
Society— সমবায় ঋণদান সমিতি
Copyright— প্রতিলিপ্যাধিকার
Cornering a Market— বাজার কোণঠাসা করা, বাজার একায়ত্ত করা
Corporate Body— নিগম-নিকায়, নিগমবদ্ধ নিকায়
Corporate Management— যৌথ পরিচালন
Correlation— পরস্পর সম্বন্ধ
Correspondence— পত্র ব্যবহার
Corvee— বেগার
Co-sharer— শরিক, সহ অংশীদার
Cost of Living— জীবন যাত্রার ব্যয়, জীবন নির্বাহ ব্যয়,
Cost of Maintenance— সংরক্ষণ ব্যয়, ভরণপোষণ ব্যয়
Cost of Production— উৎপাদন ব্যয়

Cost, Comparative—	তুলনাত্মক ব্যয়, আপেক্ষিক ব্যয়
" , Prime—	প্রাথমিক ব্যয়, প্রধান ব্যয়
" , Supplementary—	অনুপূরক ব্যয়
" , Overhead—	উপরি ব্যয়
Cost Price—	ক্রয়মূল্য, পড়তা দর
Cottage Industry—	কুটীরশিল্প
Countersignature—	প্রতিস্বাক্ষর
Countersigned—	প্রতিস্বাক্ষরিত
Counter Balance—	সমতুল্য করা, সমভার করা
Countermand—	প্রত্যাহার করা, রদ করা
Counterpart—	প্রতিরূপ
Counterfoil—	প্রতিপত্র, চেকমুড়ি
Covenant—	চুক্তি
Craft—	কারুশিল্প
Craft Guild—	কারুশিল্প সংঘ, কারিগর সংঘ
Craftsman—	কারিগর
Credit—	জমা, ধার, পসার, প্রত্যয়, আকলন
" Bank—	দাদনকারী ব্যাঙ্ক
" Purchase—	ধারে ক্রয়
" Sale—	ধারে বিক্রয়
Creditor—	ঋণদাতা, উত্তমর্ণ
Creditors, Sundry—	বিবিধ উত্তমর্ণ

Crisis—	সংকট
Crop—	ফসল
„ , Cash—	শিল্প-ফসল
„ , Food—	খাদ্য-ফসল
Cross Reference—	প্রতি নির্দেশ
Cultivation—	কৃষি, চাষ, আবাদ
„ , Extensive—	ব্যাপক চাষ বা কৃষি
„ , Intensive—	গভীর চাষ বা কৃষি
„ , Terrace—	সোপান চাষ বা কৃষি
Cum Dividend—	লাভাংশ সহিত
„ Interest—	সুদ সমেত, সুদ সহিত
Cumulative Preferential Shares—	সঞ্চয়ী পূর্বাধিকার শেয়ার
Currency—	মুদ্রা
„ , Composite—	মিশ্রমুদ্রা
„ , Deflation of—	মুদ্রা সংকোচ
„ , Devaluation of—	মুদ্রা-মূল্য হ্রাস
Currency, Inflation of—	মুদ্রা সম্প্রসারণ, মুদ্রাস্ফীতি
„ , Hard—	দুর্লভ মুদ্রা
„ , Soft—	সুলভ মুদ্রা
Curriculum—	পাঠ্যক্রম
Custom Duty—	বহিঃ শুল্ক
Customer—	গ্রাহক, খরিদ্দার, ক্রেতা

D

Daily Allowance—	দৈনিক ভাতা বা অধিদেয়
Dairy—	দোহশালা
Dam—	বাঁধ
Damage—	ক্ষতি, ক্ষতিমূল্য, খেসারত
Date of Issue—	প্রবর্তন তারিখ বা দিন
Date of Maturity—	হুণ্ডি পরিশোধের তারিখ
Days of Grace—	অনুগ্রহ মেয়াদ, রেয়াৎ কাল
Dead Account—	অচল হিসাব
" Loss—	পুরা লোকসান, পূর্ণ ক্ষতি
" Rent—	(খনির) অবশ্য দেয় কর
" Stock—	অবিক্রেয় সম্ভার
" Weight—	অত্যধিক ভারী মাল
Dealer—	ব্যাপারী, ব্যবসায়ী, বিক্রেতা
" , Retail—	খুচরা বিক্রেতা
" , Wholesale—	পাইকারী বিক্রেতা, থোক বিক্রেতা
Dearness Allowance—	দুর্মূল্য অধিদেয়, মাগ্‌গি ভাতা
Death Duty—	মৃত্যু কর
" Rate—	মৃত্যুহার
Debenture—	ঋণপত্র
" Loan—	ঋণপত্র দ্বারা প্রাপ্ত ঋণ
" . Redemption Fund—	ঋণপত্র-পরিশোধ নিধি

Debenture, Redeemable—	পরিশোধযোগ্য ঋণপত্র
" Simple—	অপ্রতিভূত ঋণপত্র
Debit—	খরচ, বিকলন
" and Credit—	জমাখরচ
" Balance—	খরচ উদ্‌বর্ত, ফাজিল বাকি
" Note—	দেনা চিঠা
Debt, Public—	সরকারী ঋণ
Debt Conciliation—	ঋণ মীমাংসা
" , Doubtful—	সন্দিগ্ধ ঋণ
" , Liquidation of—	ঋণ পরিশোধ
" , Recovery of—	কর্জ ওয়াশীল
" , Redemption of—	ঋণ-মুক্তি, ঋণ মোচন
" , Repudiation of—	ঋণ অস্বীকার
Debtor—	ঋণী, খাতক, অধমর্ণ
Debtors, Sundry—	বিবিধ খাতক
Decentralisation—	বিকেন্দ্রীকরণ
Deciduous—	পর্ণমোচী
Decimal System—	দশম লব প্রণালী, দশমিক প্রণালী
Declaration—	ঘোষণা
Declared Value—	ঘোষিত মূল্য
Decree—	ডিক্রী, আজ্ঞপ্তি
Decreasing Return—	হ্রাসমান আগম
Deed—	দলিল, পত্র, দস্তাবেজ

Deed of Acquittance— .. অভিমুক্তিপত্র, রেহাইনামা, ফারখতি
" of Agreement— চুক্তিপত্র, একরারনামা
" of Assignment— স্বত্ব-নিয়োগ পত্র
" of Compromise— সোলেনামা
" of Gift— দানপত্র
" of Lease— পাট্টা
" of Mortgage— বন্ধক-পত্র, রেহননামা
" of Partition— বণ্টননামা, বাটোয়ারানামা
" of Partnership— অংশীদারী পত্র
Defacto— কার্যতঃ
Defalcation— ব্যাপহরণ, তহবিল তছরূপ
Defamation— মানহানি
Default— খেলাপ, ব্যতিক্রম
Deferred Annuity— বিলম্বিত বার্ষিকী
" Share— বিলম্বিত শেয়ার বা অংশ
" Payment— বিলম্বিত পরিশোধ
Deficit— ঘাটতি, উনতা
Deflation— সংকোচন, অবসার
" of Currency— মুদ্রা সংকোচন
Deforestation— নির্বনীকরণ
De Jure— বিধানতঃ, আইনতঃ
Del Credere Commission— আশ্বাস দস্তুরি

Delimitation— পরিসীমন
Delivery— প্রদান, মালখালাস, বিলি
" Order— মালপ্রদানের আদেশ
" , Express— দ্রুত বিলি
" , Ex-Warehouse— গুদাম হইতে প্রদান
" , Forward— অগ্রিম প্রদান
Demand— চাহিদা, টান
" Curve— চাহিদা রেখা
" Deposit— চাহিবামাত্র দেয় আমানত
" Price— চাহিদা মূল্য
" , Active— তেজী চাহিদা
" , Competitive— প্রতিযোগিতামূলক চাহিদা
" , Composite— মিশ্র চাহিদা
" , Contraction of— চাহিদার সংকোচ
" , Elastic— সংকোচ প্রসারশীল চাহিদা, স্থিতিস্থাপক চাহিদা,
" , Elasticity of— চাহিদার নম্যতা
Demand, Inelastic— অস্থিতিস্থাপক চাহিদা
" , Marginal— প্রান্তীয় চাহিদা, সীমান্ত চাহিদা, উপান্ত চাহিদা
" , Reciprocal— পরস্পরানুবর্তী চাহিদা
Demarcation— সীমাঙ্কণ, সীমা-নির্দেশ, খুটগাড়ি
Democracy— গণতন্ত্র

Democracy, Direct— প্রত্যক্ষ গণতন্ত্র
" , Indirect— পরোক্ষ গণতন্ত্র
Demonetisation— বিমুদ্রীকরণ
Demurrage— বিলম্বশুল্ক
Density of Population— জনসংখ্যার ঘনত্ব
Departmental Store— বিভাজিত ভাণ্ডার, বিভাগীয় বিপণী
Depopulation— জনশূন্য হওয়া, জনশূন্যকরণ
Deposit— গচ্ছিত, ন্যাস, আমানত
" Warrant— আমানত-পত্র
Depositor— আমানতকারী
Depot— ভাণ্ডার
Depreciation— অবচয়, মূল্যহ্রাস
" of Currency— মুদ্রামূল্য হ্রাস
Depression— মন্দা
" of Market— বাজার মন্দী
" of Trade— ব্যবসায় মন্দী
Despatch— প্রেরণ, প্রেরণ করা
Detailed Account— বিস্তারিত হিসাব
Detention— নিরোধ, অবরোধ
Devaluation— মূল্যহ্রাস
Development— বিকাশ, উন্নয়ন, সম্প্রসার
" Loan— উন্নয়ণ-ঋণ
Differential Duties— ভেদাত্মক শুল্ক

Diminishing Point— হ্রাসারম্ভ বিন্দু
" Return— হ্রাসমান আগম
" Utility— হ্রাসমান উপযোগিতা
Direct Tax— প্রত্যক্ষ কর
Director— পরিচালক
Directors, Board of— পরিচালক মণ্ডলী
Disability Insurance— অসামর্থ্য বীমা, অশক্ততা বীমা
Discharge— পালন ; পদচ্যুতি
Discount— বাটা
" , Cash— নগদ বাটা
" Rate— বাটার দর, বাটার হার
" Market— হুণ্ডি ভাঙ্গাইবার বাজার
" , Trade— দস্তুরি
Discounting of Bills— হুণ্ডি ভাঙ্গান
Discretion— বিবেক, বিচারবুদ্ধি
Discriminating Excise Duty— পক্ষপাতমূলক অন্তঃশুল্ক
Discrimination in Prices— মূল্যের তারতম্য
Dishonoured— অস্বীকৃত, অনাদৃত
Dissolution— বিঘটন, অবসান
Distribution— বণ্টন, বিভাজন, পরিবেশন
Distributive Trade— বণ্টন কারবার
Distributor— পরিবেশক

Dividend— লাভাংশ
Dividend-paying— লাভাংশপ্রদায়ী
" Warrant— লাভাংশ-পত্র
" , Cum— লাভাংশ সহিত
" , Ex— লাভাংশ রহিত
" , Interim— মধ্যকালীন লাভাংশ
" , National— জাতীয় লাভাংশ
" , Unclaimed— বেদাবী বা বেওয়ারিশ লাভাংশ
Division of Labour— শ্রম বিভাগ
Doctrine— মতবাদ
Dockyard— পোতাঙ্গন
Document— দলিল
Documentary Bill— দলিল সহ হুণ্ডি
Document on Acceptance (D/A)— স্বীকৃতি সাপেক্ষ দলিল
" on Payment (D/P)— আদায় সাপেক্ষ দলিল
Domestic Trade— অন্তর্দেশীয় ব্যবসায়
Domicile— অধিবাস, অধিবাসী
Dormant Partner— নিষ্ক্রিয় অংশীদার
Draft— হুণ্ডি, খসড়া
Drawback— ফেরৎ শুল্ক
Drawee— হুণ্ডিগ্রাহক

Drawer— হুণ্ডিপ্রেরক, হুণ্ডিকর্তা
Drawer Deceased (D.D.)— চেককর্তা মৃত
" , Refer to— চেককর্তার নিকট সংবাদ নিন
Dull Market— মন্দা বাজার
Dumping— বিদেশে কমমূল্যে মাল ঢালা, ক্ষতি স্বীকার করিয়া বিদেশে মাল চালান
Duplicate— প্রতিরূপ ; দ্বিগুণ
Duplicate Copy— প্রতিলিপি, দ্বিতীয় প্রতিলিপি
Durable Goods— টেকসই মাল, মজবুত মাল
Duty— শুল্ক
" , Ad Valorem— মূল্যানুসার শুল্ক
" , Countervailing— প্রতিশুল্ক
" , Customs— বহিঃশুল্ক
" , Excise— অন্তঃশুল্ক
" , Export— রপ্তানী শুল্ক
" , Import— আমদানী শুল্ক
" , Protective— সংরক্ষণ শুল্ক
" , Succession— উত্তরাধিকার শুল্ক

E

E. & O. E.— ভুলচুক বাদ
Earmarked— নির্ধারিত, পৃথক কৃত
Earned Income— অর্জিত আয়

Earnest Money—	বায়না, দাদন, অগ্রিম মূল্য
Easement—	পরভূমিতে অধিকার
Easy Market—	নরম বাজার, অনুকূল বাজার
Economic—	আর্থিক, অর্থনীতিক, অর্থনৈতিক
,, Activity—	অর্থনৈতিক প্রযত্ন
,, Freedom—	অর্থনৈতিক স্বাধীনতা
,, Holding—	উপযোগী জোত, পোষণক্ষম জোত
,, Law—	অর্থনৈতিক নিয়ম
,, Planning—	অর্থনৈতিক পরিকল্পনা
,, Rent—	উপযোগী কর
,, Structure—	আর্থিক বুনিয়াদ
,, Survey—	আর্থিক পরিমাপ
,, Welfare—	আর্থিক কল্যাণ
Economics—	অর্থশাস্ত্র
,, , Applied	ব্যবহারিক অর্থশাস্ত্র
,, , Descriptive—	বর্ণনাত্মক অর্থশাস্ত্র
Economist—	অর্থশাস্ত্রজ্ঞ
Education—	শিক্ষা
,, , Commerce—	বাণিজ্য-শিক্ষা
Education, Industrial—	শিল্প-শিক্ষা
,, , Technical—	কারিগরী শিক্ষা, প্রযুক্তি শিক্ষা
Effects not cleared (E.N.C.)	আদায় হয় নাই
Efficiency—	কার্যপটুতা, কার্যদক্ষতা, নৈপুণ্য

Efficiency Bar—	দক্ষতা-বাধ
Efficient—	কার্যপটু, কর্মকুশল, দক্ষ, নিপুণ
,, Labour—	দক্ষ শ্রমিক, নিপুণ শ্রমিক
Effort—	চেষ্টা, প্রযত্ন
Ejectment—	উচ্ছেদ
Elastic—	স্থিতিস্থাপক, সংকোচ-প্রসারশীল
Elasticity of Demand—	চাহিদার স্থিতিস্থাপকতা
,, ,, Supply—	যোগানের ,,
Election—	নির্বাচন
,, , Direct—	প্রত্যক্ষ নির্বাচন
,, , General—	সাধারণ নির্বাচন
,, , Indirect—	পরোক্ষ নির্বাচন
Elector—	নির্বাচক
Electoral Rolls—	নির্বাচক-তালিকা
Electorate—	নির্বাচক মণ্ডলী
Electric Power—	বিদ্যুত শক্তি
Elimination—	অপনয়ন, বর্জন
Elucidation—	স্পষ্টীকরণ
Embankment—	বাঁধ, তট-বন্ধ
Embargo—	বাণিজ্যাবরোধ
Embarkation Permit—	আরোহ পত্র
Embezzlement—	অপহার, তহবিল তছরূপ
Emergency—	আপদ, সংকট, জরুরী

Emigrant—	প্রবাসিত, উৎপ্রবাসী
Emigration—	প্রবসন, উৎপ্রবাস
Emolument—	পরিলাভ, পরিভৃতি
Employee—	কর্মচারী
Employees' Provident Fund—	কর্মচারীগণের ভবিষ্যনিধি
Employer's Liability—	নিয়োগকর্তার দায়িত্ব
Employment—	নিয়োগ, নিযুক্তি
" Bureau—	নিয়োগ সংস্থা
" Exchange—	কর্মনিয়োগ কেন্দ্র
" , Full—	পূর্ণ নিয়োগ
Emporium—	ভাণ্ডার
Enclosure of lands—	জমির ঘেরাবন্দী
Encumbered Estate—	ভারগ্রস্ত সম্পত্তি
Endorse—	পৃষ্ঠাঙ্কণ করা, সহি করা
Endorsee—	যাহার অনুকূলে সহি করা হয়, স্বত্বগ্রহীতা
Endorsement—	পৃষ্ঠাঙ্কণ, স্বত্বান্তরকরণ, সহি, দস্তখত
Endorsement, General—	সাধারণ স্বত্বান্তরকরণ
" , Partial—	আংশিক "
" , Sans Recourse	দায়িত্ব রহিত
" , Special—	বিশেষ "

Endorsement, Restrictive— নিয়ন্ত্রিত স্বত্বান্তরকরণ
Endorser— সহিদাতা
Endowment Assurance— মেয়াদী বীমা
Enfranchisement— নির্বাচনাধিকার প্রদান
Enterprise— উদ্যোগ, প্রচেষ্টা
Entertainment Tax— প্রমোদকর
Entrepreneur— উদ্যোক্তা
Entry— লেখ, লিখন, প্রবিষ্টি
,, Single— একহরা বা একবারগী লিখন
,, Double— দোহরা বা দ্বিবারগী লিখন ·6
Environment— পরিবেশ
Equation— সমীকরণ
Equilibrium— সাম্য, স্থিতি
,, of Demand and Supply— চাহিদা ও যোগানের সমতা
Equimarginal— সমসীমান্তক
,, Return— সমসীমান্তক প্রত্যয় বা আগম
Equipment— উপকরণ, সরঞ্জাম
Equitable Asset— ন্যায়ানুকূল সম্পদ
Equivalent— সমান, তুল্য
Error, Compensatory— পূরক ভুল
,, , Cumulative— সঞ্চয়ী ভুল
,, , Relative— আপেক্ষিক ভুল

Errors of Commission—	কর্মাত্মক ভুল
" of Omission—	বর্জনাত্মক ভুল
Establishment—	সংস্থা ; স্থাপন
" Charges—	সংস্থা-ভার
" Cost—	সরঞ্জামী খরচ, সংস্থা ব্যয়
Estate—	সম্পত্তি
Estimate—	প্রাক্কলন
" , Revised—	সংশোধিত প্রাক্কলন
Evaluation—	মূল্য নির্ধারণ
Evacuation—	উদ্‌বাসন, নিষ্ক্রমণ
Evacuee—	উদ্‌বাস্তু, নিষ্ক্রমণার্থী
Evasion (of taxes)—	অপবঞ্চনা, করফাঁকি
Eviction—	বহিষ্কার, বেদখল, উৎখাতকরণ
Excess Fare—	অতিরিক্ত ভাড়া, উপরি ভাড়া
" Profit Tax—	অতিরিক্ত মুনাফাকর
Exchange—	বিনিময়
" Above par—	অধিহারে বিনিময়
" At par—	সমহারে বিনিময়
" Below par—	ঊনহারে বিনিময়
" Control—	বিনিময় দরনিয়ন্ত্রণ
Exchange Ratio—	বিনিময় অনুপাত
" Rate—	বিনিময় হার
" , Foreign—	বৈদেশিক বিনিময়

Exchangeable— বিনিময়যোগ্য, বিনিময়সাধ্য
Exchequer— সরকারী কোষ
Excise Department— অন্তঃশুল্ক বিভাগ
" Duty— অন্তঃশুল্ক
Executive Committee— নির্বাহ সমিতি
Exemption— মুক্তি, রেহাই
Exhibit— প্রদর্শিত বস্তু
Exhibition— প্রদর্শনী
Ex-officio— পদাধিকার হেতু, পদহেতু
Expansion— প্রসার
Ex parte— একপক্ষীয়, এক তরফা
Expenditure— ব্যয়
" , Non-recurring অনাবর্তক ব্যয়
" , Recurring— আবর্তক ব্যয়
" , Source of— ব্যয়-প্রভব
Experimental— পরীক্ষামূলক, প্রয়োগাত্মক
Exploitation— শোষণ
" of Labour— শ্রম-শোষণ
Export— রপ্তানি
" Duty— রপ্তানি শুল্ক
" Promotion— রপ্তানি প্রসার
Export Merchant— রপ্তানি ব্যবসায়ী
Exporter— রপ্তানিকারক

Express Delivery— অগৌণ বিলি
" Letter— তূর্ণপত্র
Express or implied— ব্যক্ত বা বিবক্ষিত
External Trade— বহির্বাণিজ্য
Extraordinary— অসাধারণ
Extraterritorial— অতিরাষ্ট্রিক, রাজ্যক্ষেত্রাতীত

F

Fabric— বস্ত্র
Face Value— অভিহিত মূল্য, অঙ্কিত মূল্য
Fac-simile— প্রতিরূপ
Factor— আড়তদার
Factory— কারখানা
" Act— কারখানা আইন
Fair— ন্যায়, উচিত ; মেলা, প্রদর্শনী
" Cash Book— পাকা রোকড় বহি
" Copy— শুদ্ধ প্রতিলিপি
" Dealing— ন্যায্য লেনদেন
" Price— উচিত মূল্য, ন্যায্য মূল্য
" Rent— ন্যায্য ভাড়া
" Trade— ন্যায্য কারবার
Fallow Land— পতিত জমি, খিল জমি
Family Budget— পারিবারিক আয়ব্যয়ক

Family, Joint—	একান্ন বা যৌথ পরিবার
Famine Relief—	দুর্ভিক্ষ ত্রাণ
Fancy Goods—	মণিহারি দ্রব্য
Fare—	যাত্রীর ভাড়া, কেরায়া
Farm—	ক্ষেত, খামার
Farming, Collective—	যৌথ খামার, সমবেত কৃষি
Fast Colour—	পাকা রং
Favourable—	অনুকূল
Federal Constitution—	যুক্তরাষ্ট্রীয় শাসনতন্ত্র বা সংবিধান
" Finance—	যুক্তরাষ্ট্রীয় অর্থব্যবস্থা
" Legislature—	যুক্তরাষ্ট্রীয় বিধান পরিষদ
Federation—	সংঘ, যুক্তরাষ্ট্র
Fees—	দেয়, মাসুল
Fencing—	ঘেরা, হাতা, বেড়া
Ferry—	খেয়া
Fertile Land—	উর্বরা জমি
Fertiliser—	কৃষিসার, উর্বরক
Feudal System—	সামন্ত প্রথা
Fiat Money—	সরকারী হুকুমে প্রচলিত কাগজী মুদ্রা
Fidelity—	বিশ্বস্ততা
Fiduciary—	প্রত্যয়ী, বিশ্বাসাশ্রিত
Fiduciary Issue—	প্রত্যয়ী মুদ্রা

Fiduciary relation— বিশ্বাসের সম্পর্ক
,, Paper Money— প্রত্যয়ী কাগজীমুদ্রা
Finance Act— অর্থ আইন
,, Minister— অর্থ মন্ত্রী, রাজস্ব মন্ত্রী
,, , Public— রাজস্ব বিজ্ঞান
Financial Adviser— আর্থিক পরামর্শদাতা, অর্থোপদেষ্টা
,, Control— আর্থিক নিয়ন্ত্রণ
,, Year— আর্থিক বৎসর
Financier— পুঁজিপতি
Financing, Deficit— ঘাটতি ব্যয় ব্যবস্থা
Fine— অর্থদণ্ড, জরিমানা
Firm (n.)— (কারবারী) সংস্থা, প্রতিষ্ঠান
Firm (adj.)— পাকা, নিশ্চিত, দৃঢ়
Fiscal Policy— রাজস্ব নীতি
Fishery— মীনক্ষেত্র, ভেড়ী, জলকর, মৎস্য-ব্যবসায়
,, Rights— মীনক্ষেত্রাধিকার
Fixed— স্থায়ী
,, Price— একদর
Flexible— নমনীয়
Floor Price— সর্বনিম্ন মূল্য
Flow of Capital— মূলধনের গতি বা প্রবাহ
Fluctuation— উত্থান-পতন, উঠানামা

Fodder— পশুখাদ্য
Folio— খাতার পৃষ্ঠা
F.O.R. Price— রেলভাড়াসমেত মূল্য
Forced currency— হুকুমতি সিক্কা, অধিকার বলে প্রচারিত মুদ্রা
„ Labour— বেগার
Forecast— পূর্বাভাষ, পূর্বানুমান
Foreign Affairs— বৈদেশিক দপ্তর
„ Exchange— বৈদেশিক বিনিময়
Forest Produce— বনজ দ্রব্য
Forfeited Share— বাজেয়াপ্ত অংশ
Forfeiture— বাজেয়াপ্তকরণ
Forgery— কূটকর্ম, জালিয়াতি
Form (e.g. order form)— প্রপত্র, নিদর্শ
Formal— নিয়মানুসার, বিধিমত
Formally— যথাবিধি
Formula— সূত্র
Forward Contract— অগ্রিম চুক্তি, অগ্রিম সওদা
„ Delivery— অগ্রিম প্রদান
„ Price— অগ্রিম মূল্য
Fragile— ভঙ্গুর
Fragmentation of Holdings জোত বিভিন্ন খণ্ডে বিভক্ত হইয়া যাওয়া, ভূমি-অপখণ্ডন

Franchise— নির্বাচনাধিকার
Fraud— প্রতারণা
Franco— সর্বব্যয় সহিত দ্রব্যমূল্য
Free Banking— অবাধ ব্যাঙ্ক-কার্য
,, Coinage— অবাধ টঙ্কন
,, Competition— অবাধ প্রতিযোগিতা
,, Delivery— নিঃশুল্ক যোগান, বিনা মাশুলে মাল সরবরাহ
,, List— করমুক্ত পণ্যের সূচী
,, Trade— অবাধ বাণিজ্য
Freedom, Economic— অর্থনৈতিক স্বাধীনতা
Freehold Land— নিষ্কর ভূমি
Freezing Point— হিমাঙ্ক
Freight— মালের ভাড়া
Friction, Economic— অর্থনৈতিক সংঘর্ষ
Function of Money— অর্থের প্রকার্য
Fund— নিধি, কোষ, তহবিল
,, , Annuity— বার্ষিকী নিধি
,, , Reserve— রক্ষিত কোষ
,, , Sinking— পরিশোধ কোষ
,, , Memorial— স্মারক নিধি
Funded Debt— স্থায়ী ঋণ, নিহিত ঋণ
Futures— ভাবী ক্রয়বিক্রয়

G

Gain— লাভ
Gambling— জুয়া
" Contract— ফটকাবাজি
Gazette— ঘোষপত্র
General Price Level— সাধারণ পণ্যের মূল্যস্তর
Genuine Demand— প্রকৃত চাহিদা
Geographical Situation— ভৌগোলিক অবস্থান
Geometrical Mean— জ্যামিতিক বা গুণোত্তর মধ্যমান
" Progression— জ্যামিতিক বা গুণোত্তর প্রগতি
Gifts of Nature— প্রাকৃতিক দান
Gilt-edged— স্বর্ণসমান, সর্বোত্তম, প্রথম শ্রেণীর
" Bill— সাহুকারী হুণ্ডি
" Security— সর্বোত্তম ঋণপত্র
Ginning Factory— কার্পাস-বীজ বহিষ্করণের কারখানা
Glut of Capital— পুঁজির প্রাচুর্য
" " Market— বাজারে মালের প্রাচুর্য
Godown— গুদাম, পণ্যাগার
Gold Bullion Standard— স্বর্ণ-পিণ্ড-মান
" Currency " স্বর্ণমুদ্রামান
" Exchange " স্বর্ণবিনিময় মান
" Reserve Fund— স্বর্ণ-সংরক্ষণ কোষ
" Standard— স্বর্ণমান

Gold Standard Reserve—	স্বর্ণমান কোষ
Goods—	মাল, পণ্য
,, , Consumption—	উপভোগ্য পণ্য
,, , Durable—	মজবুত বা টেকসই মাল
,, , Economic—	উপযোগী পণ্য
,, , Manufactured—	নির্মিত দ্রব্য, শিল্পজাত পণ্য
,, , Natural—	প্রাকৃতিক সম্পদ
,, , Perishable—	পচনশীল পণ্য
,, , Productive—	উৎপাদী পণ্য
,, , Transferable—	হস্তান্তরযোগ্য মাল
Goods with Care—	সতর্কতার সহিত
Goodwill—	সুনাম, খ্যাতি, প্রতিষ্ঠা
Government Paper—	সরকারী ঋণপত্র
,, Promissory Note	সরকারী প্রত্যর্থপত্র
,, Securities—	সরকারী প্রতিভূতি
,, , Central—	কেন্দ্রীয় সরকার
,, , Interim—	মধ্যকালীন সরকার
,, , Provincial—	প্রাদেশিক সরকার
,, , State—	রাজ্যসরকার
Governing Body—	পরিচালক বর্গ, শাসক বর্গ
Governor—	রাজ্যপাল
Grace, Days of—	অনুগ্রহ মেয়াদ, রেয়াত কাল
Grade—	ক্রম, পর্যায়

Graded— পর্যায়িত
Graduated Tax— ক্রমবর্ধমান কর
Grant-in-aid— সহায়ক অনুদান
Granular— কণাকার, দানা দানা
Graph— রেখাচিত্র, লেখ
Gratis— বিনামূল্যে, মুফৎ
Gratuitous Coinage— নিঃশুল্ক টঙ্কন
" Relief— নিরপেক্ষ অনুদান, স্বেচ্ছাপ্রবৃত্ত অনুদান
Gratuity— আনুতোষিক
Gross— মোট
" Produce— মোট উৎপাদন
" Profit— মোট লাভ
Groundwork— প্রাথমিক কার্য
Group— মণ্ডলী, পুঞ্জ
Guarantee— প্রত্যাভূতি
Guild— সংঘ
" Socialism— শ্রেণীগত সমাজতন্ত্র
Guinea— গিনি
Gunny Bag— বস্তা, বোরা
Gunter's Chain— ভূমাপন শৃঙ্খল, জরিপ করিবার শিকল

H

Hall Mark— উৎকৃষ্টতার চিহ্ন

Halting Allowance— বিরাম অধিদেয় বা ভাতা

Hand bill— ইস্তাহার, হস্ত-বিজ্ঞপ্তি

Handicraft— হস্তশিল্প

Handloom— হস্তচালিত তাঁত

Hand made— হস্তনির্মিত, হাতে তৈয়ারী

Hand note— হাত চিঠা

Handsel— বায়না

Hard Money— নগদ টাকা, কাঁচা টাকা

Hardware— লৌহ নির্মিত পণ্য

Haves— বিত্তশালী

Have-nots— নিঃস্ব, বিত্তহীন

Hawker— ফেরিওয়ালা

Higgling— দরকষাকষি

Hinterland— পশ্চাদ্‌ভূমি

Hire-Purchase— ভাড়া-খরিদ, ভাড়া-সওদা

Hoarded Wealth— মজুত ধন

Holding— খেত, জোত

Holder in due course— নিয়মানুসার স্বত্ববান

Home Charges— ভারত সরকারের ইংলণ্ডের খরচ, বিলাতের দক্ষিণা

„ Consumption— দেশের উপভোগ

Home Industry— গৃহশিল্প, গৃহ উদ্যোগ
" Trade— অন্তর্বাণিজ্য
Honorarium— মানদেয়, দক্ষিণা
Horizontal Combination— সমশিল্প সংযোগ, সমশিল্প জোট
House Building Society— গৃহ নির্মাণ সমিতি
Humidity— আর্দ্রতা
Husbandry— ক্ষেতী, কৃষিকর্ম
Hush Money— ঘুষ, উৎকোচ
Hydro-electricity— জলবিদ্যুত
Hypothecation— রেহন, বন্ধক
" , Letter of— বন্ধকপত্র, রেহননামা
Hypothesis— অনুমান, কল্পনা

I

Identical— অনুরূপ
Identification— সনাক্তকরণ
Identity— অভিন্নতা, স্বরূপ, তাদাত্ম্য
Illegal Contract— অবৈধ চুক্তি
Immaterial— তুচ্ছ
Immediate Delivery— অগৌণ সরবরাহ বা বিলি
Immigrant— অভিবাসী
Immigration— অভিবাসন
Immovable— স্থাবর

Immunity—	অব্যাহতি, বিমুক্তি
„ from Taxation—	কর বিমুক্তি
Impact of Taxes—	কর-সংঘাত
Imperial Preference—	সাম্রাজ্যিক পক্ষপাত
Import—	আমদানি
„ , Gross—	মোট আমদানি
„ Quota—	আমদানির বরাদ্দ বা অভ্যাংশ
Imprest Account—	অগ্রদত্ত হিসাব, জিম্মা হিসাব
„ Money—	অগ্রদত্ত, জিম্মা
Incidence of Taxes—	করভার
Incidental—	আনুষঙ্গিক
Income—	আয়
„ Tax—	আয়কর
Inconvertible Paper Money	অপরিবর্তনীয় কাগজী মুদ্রা
Incorporated—	নিগমিত, সমামেলিত
Increasing Return—	বর্ধমান আগম
Increment, Unearned—	অনার্জিত বৃদ্ধি
Indebtedness—	ঋণগ্রস্ততা
Indemnity—	ক্ষতিনিষ্কৃতি
Indent—	মাল প্রেরণের আজ্ঞা, সংভৃতি পত্র
Indentured Emigration—	অনুবদ্ধ উৎপ্রবাস
Index Number—	সূচক সংখ্যা

Indigenous Bank— দেশীয় ব্যাঙ্ক
,, Capital— দেশীয় মূলধন
Indirect Tax— পরোক্ষ কর
,, Utility— পরোক্ষ উপযোগিতা
Indorse a Bill— হুণ্ডি পৃষ্ঠাঙ্কণ
Indorsement— পৃষ্ঠাঙ্কণ, সহি, দস্তখত
Industrial— শিল্পবিষয়ক, ঔদ্যোগিক
,, Bank— শিল্প ব্যাঙ্ক
,, Crisis— শিল্প সংকট
,, Depression— ঔদ্যোগিক মন্দা
,, Expansion— শিল্প প্রসার
,, Housing— শিল্প-শ্রমিকের জন্য গৃহ নির্মাণ
,, Organisation— শিল্প-সংগঠন
,, Revolution— শিল্প-বিপ্লব
,, Tribunal— শিল্পন্যায়পীঠ
Industrialisation— শিল্পযোজন, শিল্পায়ন
Industrialised— শিল্পযোজিত, উদ্যোগীকৃত
Industrialism— শিল্পবাদ
Industrialist— শিল্পপতি, উদ্যোগপতি
Industry— শিল্প, উদ্যোগ
,, , Infant— শিশু শিল্প, শিশু উদ্যোগ
,, , Small Scale— ক্ষুদ্রায়তন শিল্প, লঘু উদ্যোগ
,, , Subsidiary— সহায়ক শিল্প

Inefficient Labour— অনিপুণ শ্রম বা শ্রমিক
Inelastic— অনম্য
Inequality of Wealth— ধন-বৈষম্য
Infant Mortality— শিশু মৃত্যু
Inflation of Currency— মুদ্রাস্ফীতি
Informal— অনুপচারিক
Informer— গুপ্তচর
Ingot— ধাতুপিণ্ড
Inheritance— উত্তরাধিকার
Initials— আদ্যক্ষর, সংক্ষিপ্ত স্বাক্ষর
Injunction— নিষেধাজ্ঞা
Inland Bills of Exchange— অন্তর্দেশীয় বিনিময় পত্র
" Water Transport— " নৌ-পরিবহন
In Lieu of— পরিবর্তে
In Partial Modification of আংশিক সংপরিবর্তনক্রমে
In Pursuance of— অনুসারে
Insatiable Want— অতৃপ্ত ভোগবাসনা, অতৃপ্ত অভীচ্ছা
Insolvency Act— দেউলিয়া-আইন
Insolvent— দেউলিয়া
Installation— স্থাপন, স্থাপিত যন্ত্র
Instalment— কিস্তি
Instant— বর্তমান মাস

Insurable Interest—	বীমাযোগ্য হিত, বীমাহিত
Insurance—	বীমা
Insurance, Accident—	দুর্ঘটনা বীমা
,, Broker—	বীমার দালাল
,, , Disability—	অসামর্থ্য বীমা, অক্ষমতা বীমা
,, , Fire—	অগ্নিবীমা
,, Policy—	বীমাপত্র
,, Premium—	বীমার চাঁদা
Insured—	বীমাগৃহীতা
Insurer—	বীমাকারী, বীমাকর্তা
Instruction—	শিক্ষা, অনুদেশ
Intensity of Demand—	চাহিদার প্রবলতা
Intensive, Capital—	মূলধন-বহুল, মূলধনপ্রধান
,, , Labour—	শ্রম-বহুল, শ্রমপ্রধান
Inter alia—	প্রসঙ্গত, অন্যান্যের মধ্যে
Interest—	সুদ, ব্যাজ
,, , Compound—	চক্রবৃদ্ধি সুদ
,, , Gross—	মোট সুদ
,, , Landed—	ভূসম্পত্তিজড়িত স্বার্থ, ভূমি-স্বার্থ
,, , Vested—	কায়েমী স্বার্থ
Interim Dividend—	মধ্যকালীন লাভাংশ
Intermediary—	মধ্যবর্তী
Intrinsic Value—	নিহিত মূল্য

Inventory— ফর্দ
Inverse Ratio— বিপরীত অনুপাত
Investment— (পুঁজি) বিনিয়োগ
Invoice— চালান, প্রেষিতক সূচী
Irrigation— সেচ, জলসেচন
" Project— সেচ পরিকল্পনা
Item of Expenditure— ব্যয়পদ, ব্যয়ের দফা

J

Jobber— স্টকের দালাল
Job Work— খুচরা কাজ
Joint— যৌথ, মিলিত, সংযুক্ত
" Account— যৌথ হিসাব
" Family— একান্ন পরিবার, যৌথ পরিবার
" Liability— যৌথ দায়িত্ব
" Ownership— যৌথ স্বত্ব, এজমালি স্বত্ব
" Stock Company— যৌথ মূলধন সংঘ
" Venture— যৌথ কারবার
Jointure— স্ত্রীধন
Journal— রোজনামচা, জাবেদা খাতা
" Proper— মুখ্য জাবেদা খাতা
Journey Man— মজুর, মজদুর
Judgment Creditor— সংনির্ণীত উত্তমর্ণ

Judgment Debtor— সংনির্ণীত অধমর্ণ
Jurisdiction— ক্ষেত্রাধিকার, অধিকার, এলাকা
Jute Market— পাটের বাজার
,, Future Market— পাটের ভবিষ্যৎ বাজার
Juvenile Labour— শিশু শ্রম, বাল শ্রম

K

Kartel— উৎপাদক সংঘ, শিল্প সংঘ
Keelage— বন্দরস্থিত জাহাজের শুল্ক
Keeper— রক্ষক
,, of Records— লেখ্যপাল, মহাফেজ
Key Industry— বনিয়াদী শিল্প, মূল শিল্প
Khasmahal— খাসমহল
Kind, Payment in— বস্তুদ্বারা প্রাপ্য পরিশোধ
Kite— সুপারিশী হুণ্ডি
,, Flying— সুপারিশী হুণ্ডি কাটা

L

Laboratory— প্রয়োগশালা, পরীক্ষাগার
Labour— শ্রম, শ্রমিক
,, Bureau— শ্রমিক সংস্থা
,, Dispute— শ্রমিক বিরোধ, শ্রমিক সংঘর্ষ
,, Party— শ্রমিক দল
,, Union— শ্রমিক সংঘ

Labour Welfare— শ্রমকল্যাণ
Labourer— শ্রমিক, মজুর, মজত্বর
Laches— অবহেলা, গাফিলতি
Laissez Faire— অবাধনীতি
Land Alienation Act— ভূমি-হস্তান্তর আইন
" Revenue— ভূ-রাজস্ব
" Survey— ভূ-পরিমাপ, ভূমি জরীপ
Land Tax— ভূমি কর
" Tenure— ভূ-ধৃতি, প্রজাস্বত্ব, মধ্যস্বত্ব
" " System— ভূ-ধৃতি প্রথা
" , Arable— কৃষিযোগ্য জমি
" , Barren- অনুর্বর জমি
" , Boggy— জলা জমি
" , Cultivated— আবাদী জমি, কর্ষিত জমি
" , Fallow— পতিত জমি
" , Fertile— উর্বরা জমি
" , Irrigated— জলসেচিত জমি
" , Nationalisation of— জমির রাষ্ট্রীয়করণ
" , Rent-free— নিষ্কর জমি
" , Waste— খিল জমি
Landed Property— ভূ-সম্পত্তি
Landing Permit— অবরোহ পত্র
Landlord— জমিদার, ভূ-স্বামী, ভূম্যধিকারী

Lapsed Policy— অতিপন্ন বীমাপত্র, ব্যপগত বীমাপত্র
Large-scale Production— ব্যাপক উৎপাদন, বহুল উৎপাদন
Law— বিধি, নিয়ম, আইন
„ , Commercial— বাণিজ্যিক আইন
„ of Demand— চাহিদার নিয়ম
„ of Constant Demand— স্থির চাহিদার নিয়ম
Law of Derived Demand— উদ্ভুত চাহিদার নিয়ম
League of Nations— রাষ্ট্র সংঘ
Leap Year— অধিবর্ষ
Lease— পাট্টা, ইজারা
Leasehold Property— পাট্টাধীন সম্পত্তি
Lease holder— পাট্টাদার, ইজারাদার
Leave Vacancy— অবকাশ-রিক্তি
Ledger— খতিয়ান 9, 2
„ Folio— খতিয়ান পৃষ্ঠা
Legal Tender— বৈধ মুদ্রা
Legislative Assembly— বিধানসভা
Leisure class— পরশ্রমজীবী
Letter of Administration— পরিপালনাদেশ
„ of Allotment— হিস্যাবণ্টনপত্র, হিস্যাস্বীকৃতিপত্র
„ of Application— আবেদনপত্র, দরখাস্ত
„ of Credit— প্রত্যয় পত্র

Letter of Credit, Circular—	গস্তী-প্রত্যয় পত্র
„ of Guarantee—	প্রত্যাভূতি পত্র
„ of Hypothecation—	বন্ধকপত্র; রেহন নামা
„ of Introduction—	পরিচয় পত্র
„ of Renunciation—	স্বত্ব-ত্যাগ পত্র
Letters patent—	একস্ব পত্র
